

গুহাবৃষ্টি

বৃষ্টিপাত নিয়ে কেন এত সংশয় তোমার!
মেঘ তো জমুক, দেখো
বৃষ্টি হবেই
ততদিন অপেক্ষায় রেখো
নিজেকে।

২.
সন্দেহে বলেছিলে তুমি
গুহার ভেতর যেতে পারবে তো?
এখন যাবো না
গুহাচিত্র এঁকে যাবো মোমের আলোয় একদিন।

৩.
ভয় নেই, অবিরত
হবে
সারারাত।

সঞ্জয় রায়

